

India-UAE Virtual Summit

February 18, 2022

ভারত-সংযুক্ত আরব আমিরশাহী ভার্চুয়াল শীর্ষ বৈঠক

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং আবু ধাবির যুবরাজ শেখ মহম্মদ বিন জায়েদ অল নাহয়ান আজ এক ভার্চুয়াল শীর্ষ বৈঠকে মিলিত হন। উভয় নেতাই বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্কে নিরন্তর অগ্রগতিতে গভীর সন্তোষ প্রকাশ করেন। প্রধানমন্ত্রী শ্রী মোদী এবং সে দেশের যুবরাজ অল নাহয়ান ‘ভারত ও সংযুক্ত আরব আমিরশাহীর মধ্যে সুসংবদ্ধ কৌশলগত অংশীদারিত্বে অগ্রগতি : নতুন দিক, নতুন মাইলফলক’ শীর্ষক এক যৌথ ভবিষ্যৎমুখী দৃষ্টিভঙ্গি সম্বলিত বিবৃতি জারি করেন। এই বিবৃতিতে দুই দেশের মধ্যে ভবিষ্যৎমুখী রূপরেখার কথা বলা হয়েছে। সেইসঙ্গে, গুরুত্বপূর্ণ বিষয়গুলি খুঁজে বের করা ও তার সম্ভাব্য পরিণাম সম্পর্কেও রূপরেখা দেওয়া হয়েছে। এ ধরনের অভিন্ন ভবিষ্যৎমুখী রূপরেখা প্রণয়নের উদ্দেশ্যই হল বাণিজ্য, বিনিয়োগ এবং বিভিন্ন ক্ষেত্রে উদ্ভাবন সহ অর্থনীতি, শক্তি, জলবায়ু পরিবর্তনের মোকাবিলা, উদীয়মান প্রযুক্তি, দক্ষতা ও শিক্ষা, খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্য পরিচর্যা, প্রতিরক্ষা এবং নিরাপত্তার ক্ষেত্রে সহযোগিতা আরও বাড়ানো।

দুই নেতার মধ্যে এই শীর্ষ বৈঠকের আরও একটি উল্লেখযোগ্য বিষয় হল, সর্বাঙ্গীণ অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি স্বাক্ষর এবং এ সম্পর্কিত নথি বিনিময়। ভারতের বাণিজ্য ও শিল্পমন্ত্রী শ্রী পীযুষ গোয়েল এবং সংযুক্ত আরব আমিরশাহীর আর্থিক বিষয়ক মন্ত্রী আবদুল্লাহ বিন তৌক অল মারি ভার্চুয়াল পদ্ধতিতে চুক্তিপত্রে স্বাক্ষর ও নথিপত্র বিনিময় করেন। এই চুক্তির ফলে ভারত ও সংযুক্ত আরব আমিরশাহীর মধ্যে ব্যবসায়িক ক্ষেত্রে অগ্রগতি ঘটবে। সেইসঙ্গে, একে অপরের বাজারে প্রবেশের সুযোগ বৃদ্ধি পাবে এবং শুল্ক হার কমবে। দুই দেশের মধ্যে বাণিজ্যিক ক্ষেত্রে এই চুক্তি স্বাক্ষরের ফলে বর্তমান দ্বিপাক্ষিক লেনদেনের পরিমাণ ৬০ বিলিয়ন মার্কিন ডলার থেকে আগামী পাঁচ বছরে বেড়ে ১০০ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছবে বলে মনে করা হচ্ছে।

ভারতের প্রধানমন্ত্রী এবং সে দেশের যুবরাজ ভারতের স্বাধীনতার ৭৫তম বার্ষিকী এবং সংযুক্ত আরব আমিরশাহীর প্রতিষ্ঠার ৫০তম বার্ষিকী উপলক্ষে একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করেন। এই শীর্ষ বৈঠকে দুই দেশের কয়েকটি সংস্থার মধ্যে দুটি সমঝোতাপত্র স্বাক্ষরের কথাও ঘোষণা করা হয়। এগুলি হল – খাদ্য নিরাপত্তা করিডর গড়ে তুলতে এপিইডিএ এবং ডিপি ওয়ার্ল্ড তথা অল দাহরা সংস্থার মধ্যে সমঝোতাপত্র এবং আর্থিক পরিকল্পনা ও পরিষেবায় সহযোগিতার লক্ষ্যে ভারতের গিফট সিটি এবং আবু ধাবির গ্লোবাল মার্কেট অন কো-অপারেশনের সঙ্গে সমঝোতাপত্র। এছাড়াও আরও দুটি সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়েছে। এর একটি জলবায়ু পরিবর্তনের মোকাবিলায় সহযোগিতা এবং অন্যটি শিক্ষাক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা।

কোভিড মহামারীর সময় ভারতীয় সম্প্রদায়ের মানুষের প্রতি বিশেষ যত্নবান হওয়ার জন্য প্রধানমন্ত্রী আবু ধাবির যুবরাজকে ধন্যবাদ জানান। শ্রী মোদী যত দ্রুত সম্ভব ভারত সফরের জন্য তাঁকে আমন্ত্রণ জানিয়েছেন।

নয়াদিল্লি,

18 ফেব্রুয়ারি, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.